



রূপগঞ্জ জিয়া সাইবার ফোর্সের নেতা আরিফকে কুপিয়ে জখম, অভিযোগ দায়ের



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ জিয়া সাইবার ফোর্সের জেলা যুগ্ম আহবায়ক ও দাউদপুর ইউনিয়ন ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আরিফ মিয়াকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে স্থানীয় আওয়ামী লীগ নেতা ও তার সহযোগীদের বিরুদ্ধে।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) গভীর রাতে উপজেলার দাউদপুর এলাকায় ঘটনাটি ঘটে। পরদিন (২৪ অক্টোবর) সকালে আহত আরিফ মিয়া নিজেই বাদী হয়ে রূপগঞ্জ থানায় লিখিত অভিযোগ করেন।

আহত আরিফ মিয়া জানান, “আমি ইটভাটায় লালমাটি সরবরাহের ব্যবসা করি। ব্যবসায়িক বিষয়ে কিছু দিন ধরে স্থানীয় একটি পক্ষের সঙ্গে বিরোধ চলছিল। বৃহস্পতিবার রাতে আমার ট্রাকচালকদের ওপর হামলা চালিয়ে নগদ টাকা ও মালামাল লুটে নেয় একদল লোক। বিষয়টি জানতে চাইলে দাউদপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি কবির, তার ছেলে রাকিব ও তাদের সহযোগী আশরাফুল, ইয়াছিন, সাইদুলসহ কয়েকজন আমাকে লক্ষ্য করে অতর্কিতে হামলা চালায়। তারা এলোপাতাড়ি মারধর ও ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যার চেষ্টা চালায়। আমার চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে হামলাকারীরা পালিয়ে যায়।”

ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে তিনি চিকিৎসাধীন রয়েছেন।

এ বিষয়ে অভিযুক্ত কবির বলেন, “আমি ঘটনার কিছুই জানি না। শুধু শুনেছি, গতরাতে মাটির ব্যবসা নিয়ে রাকিবদের সঙ্গে ঝামেলা হয়েছিল।”

রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম জানান, “অভিযোগটি হাতে পেয়েছি। ইতিমধ্যে সত্যতা যাচাই করতে তদন্ত শুরু হয়েছে। প্রমাণ মিললে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।”